

📖 সহীহ বুখারী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৪৩৩১ [আন্তর্জাতিক নাম্বারঃ ৪৬৮৮]

৫২/ তাফসীর (كتاب تفسیر)

পরিচ্ছেদঃ আল্লাহ তা'আলার বাণীঃ **يَوْمَ نَبْلَسُكُم أَجْمَعِينَ** এবং ইয়াকুব পরিবার-পরিজনের প্রতি তার অনুগ্রহ পূর্ণ করবেন, যেভাবে তিনি তা করেছিলেন তোমার পিতৃপুরুষ ইব্রাহীম ও ইসহাকের প্রতি।

بَابُ قَوْلِهِ وَيَوْمَ نَبْلَسُكُم أَجْمَعِينَ وَعَلَى آلِ يَعْقُوبَ كَمَا أَتَمَّهَا عَلَى أَبَوَيْكَ مِنْ قَبْلُ إِبْرَاهِيمَ وَإِسْحَاقَ

আরবী

وَقَالَ حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ، حَدَّثَنَا عَبْدُ الصَّمَدِ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ دِينَارٍ، عَنْ أَبِيهِ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عُمَرَ - رَضِيَ اللَّهُ عَنْهُمَا - عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ " الْكَرِيمُ بْنُ الْكَرِيمِ بْنِ الْكَرِيمِ يُوسُفُ بْنُ يَعْقُوبَ بْنِ إِسْحَاقَ بْنِ إِبْرَاهِيمَ ".

বাংলা

সুরা ইউসুফ

ফুযায়ল (রহ.) হুসায়ন (র.) মুজাহিদ (রহ.) বলেন, **مُتَّكَأ** (এক জাতীয়) লেবু এবং ফুযায়ল (রহ.) বলেন যে, **مُتَّكَأ** হাবশী ভাষায় (এক জাতীয়) লেবুকে বলা হয়। ইবনু 'উয়াইনাহ (রহ.) মুজাহিদ (রহ.) থেকে বর্ণনা করেন যে, **مُتَّكَأ** এ সব, যা চাকু দিয়ে কাটা হয়। ক্বাদাতাহ (রহ.) বলেন, **لَذُوعِلْمٍ** সে 'আলিম, যে তার 'ইল্লের উপর 'আমল করে। ইবনু যুবায়ের (রহ.) বলেন, **صَوَاعُ** ফারসী মাপ-পাত্র, যার উভয় পাশ মিলানো থাকে; আজমীগণ এটা দিয়ে পানি পান করে। ইবনু 'আব্বাস (রাঃ) বলেন, **تُفَنِّدُونِ** আমাকে মূর্খ মনে কর। অন্য হতে বর্ণিতঃ **غِيَابَةٌ** যেসব বস্তু তোমা হতে গোপন রয়েছে। **وَالْجُبُّ** এ কূপকে বলে যার মুখ বাঁধা হয়নি। **بِمُؤْمِنِنَا** তুমি আমার কথায় বিশ্বাসী। **بِمُؤْمِنِنَا** অধোগতি শুরু হওয়ার আগের বয়স। বলা হয় **بَلَغَ أَشُدَّهُ وَبَلَغُوا أَشُدَّهُمْ** অর্থাৎ সে বা তারা পূর্ণ বয়সে উপনীত হয়েছে। কেউ কেউ বলেন, এর একবচন **شَدُّ** (কারো কারো মতে) **الْمُتَّكَأ** যে জিনিসের উপর পানাহার করার বা কথাবার্তা বলার সময় হেলান দেয়া হয়। যাঁরা **مُتَّكَأ** অর্থ লেবু বলেছেন এতে তা রদ হল। আরবদের ভাষায় 'উতরুঞ্জ' শব্দের ব্যবহার নেই। যখন তাদের প্রতি এই অভিযোগ দ্বারা প্রমাণ করা হয় যে, 'মুতাকা' অর্থ বিছানা, তখন তাঁরা আরো খারাপ অর্থ গ্রহণ করল এবং বলল যে, এখানে **مُتَّكَأ** এর **ت** সাকিন। এর অর্থ

স্ত্রীলোকের লজ্জাস্থানের পার্শ্ব। এ থেকে ব্যবহার হয় مَتَكَاء (যে নারীর সে অংশ কাটা হয়নি) এবং ابْنُ الْمَتَكَاء (মাংকার পুত্র)। সে ঘটনায় লেবু হলেও তা তাকিয়া দেয়ার পরই হবে। شَعَفَهَا তার অন্তরকে আচ্ছন্ন করল। مَشْعُوفٌ যার অন্তর প্রেমে জ্বালিয়ে দিয়েছে। أَصْنَبُ আমি আসক্ত হয়ে যাব। أَحْلَامُ অনর্থক স্বপ্ন যার কোন ব্যাখ্যা নেই। خُذْ بِبَيْدِكَ ضِغْنًا এক মুঠো ঘাস লও। একবচনে ضِغْنٌ থেকে গঠিত نَمِيرٌ আমরা খাদ্যদ্রব্য এনে দিব। نَزْدًا دُكَيْلَبَعِيرٍ আমরা আরো এক উট বোঝাই পণ্য আনব। أَوْلِيَّاهُ নিজের কাছে রাখল। السَّقَايَةُ পান পাত্র, পরিমাপ-পাত্র। সারাক্ষণ থাকবে حَرَضًا مُحَرَضًا খুব দুর্বল হওয়া) يَذِيْبُكَ اللَّهُ দুশ্চিন্তা-তোমাকে শেষ করে দিবে, تَحَسُّسُوا তোমরা খোঁজ লও। غَاشِيَةٌ مِنْ عَذَابِ اللَّهِ عَامَّةٌ مُجَلَّلَةٌ স্বপ্ন, আল্লাহর শাস্তি সকলকে বেষ্টন করে নিয়েছে।

৪৩৩১। আবদুল্লাহ ইবনু মুহাম্মদ (রহঃ) ... আবদুল্লাহ ইবনু উমর (রাঃ) থেকে বর্ণিত, রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ সম্মানিত ব্যক্তি, সম্মানিত ব্যক্তির পুত্র, সম্মানিত ব্যক্তির পুত্র, সম্মানিত ব্যক্তির পুত্র, সম্মানিত ব্যক্তি হলেন, ইউসুফ (আলাইহিস সালাম), তাঁর পিতা ইসহাক (আলাইহিস সালাম), তাঁর পিতা ইয়াকুব (আলাইহিস সালাম), তাঁর পিতা ইবরাহিম (আলাইহিস সালাম)।

English

Narrated `Abdullah bin `Umar:

The Prophet (ﷺ) said, "The honorable, the son of the honorable the son of the honorable, i.e. Joseph, the son of Jacob, the son of Isaac, the son of Abraham."

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=4609>

📖 হাদিসবিভিন্ন প্রজেক্টে অনুদান দিন